গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি**

নম্বর : ৪৬.০০.৫৫০০.০৪২.৯৯.৪০৭.১৯.**৫৬৬**

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩১
১২ মে ২০২৪

**বিষয়: মাগুরা জেলা পরিষদের মালিকানাধীন ভূমি মাগুরা রেড ক্রিসেন্ট ইউনিটের অনুকূলে বরাদ্দ প্রদান সংক্রান্ত।**

সূত্র : ১. মেজর জেনারেল (অব.) এটিএম আবদুল ওয়াহ্হাব, চেয়ারম্যান, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, তাং: ২৩/১১/২০২৩।
২. জেলা পরিষদ, মাগুরা এর পত্র জেপমা/১৭-১০/২০২৩/৩৯৯/১, তারিখ: ২৭/০২/২০২৪।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাগুরা জেলা পরিষদের মালিকানাধীন নিম্নতফসিলভুক্ত ভূমি বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি মাগুরা ইউনিটের অনুকূলে প্রদানের জন্য সূত্রস্থ ১নং পত্রে অনুরোধ জানানো হয়েছে:

| ক্রম | মৌজা | আর এস খতিয়ান | সাবেক দাগ | বিএস দাগ | মোট জমির পরিমাণ |
|---|---|---|---|---|---|
| ১. | মাগুরা জে. এল নং-৬৯বিএস | ০৫ | ৪৪১২ | ৩৯২৩ | ১০ শতক |

২। উল্লিখিত তফসিলভুক্ত ভূমির স্বত্বদখল এর জন্য জনাব মোঃ কামাল হোসেন, সেক্রেটারি বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি মাগুরা ইউনিট বাদী হয়ে চেয়ারম্যান, জেলা পরিষদ, মাগুরা-কে বিবাদী করে মোকাম বিজ্ঞ সদর সহকারী জজ আদালত, মাগুরাতে ভূমির রেকর্ড সংশোধনের জন্য ৪৫৬/২০২৩ দেওয়ানী মামলা দায়ের করেন মর্মে সূত্রস্থ ২নং পত্রে উল্লেখ করা হয়েছে।

৩। বর্ণিতাবস্থায়, উল্লিখিত তফসিলভুক্ত ভূমি নিয়ে আদালতে মামলা বিদ্যমান থাকায় এবং উক্ত ভূমি ইজারা প্রদানে জেলা পরিষদের আপত্তি থাকায় রেড ক্রিসেন্ট ইউনিটের অনুকূলে বরাদ্দ/হস্তান্তরের সুযোগ নাই মর্মে নির্দেশক্রমে অবহিত করা হলো।

১২/৫/২০২৪

মাহবুবা আইরিন
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email-lgzp@lgd.gov.bd

মেজর জেনারেল (অব.) এটিএম আবদুল ওয়াহ্হাব,
চেয়ারম্যান,
বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি
৬৮৪-৬৮৬ রেড ক্রিসেন্ট সড়ক, বড় মগবাজার, ঢাকা-১২১৭
টেলিফোন নম্বর-+৮৮০২ ৮৩১৩৮৫৬।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে:**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, জেলা পরিষদ, মাগুরা।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মাগুরা।
৬. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।